# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-১৩০/০১

তারিখ: ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন আলহাজ্ব আহমদ আলি দাখিল মাদ্রাসার (ইআইআইএন-১২৮৬৫০) সুপার জনাব মো: ছেফাত উল্লাহ কে সুপার হিসেবে দায়িত্ব পালন এবং ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত প্রস্তাবিত ম্যানেজিং কমিটি বাতিলের জন্য জনাব মো: ছেফাত উল্লাহ একটি অভিযোগ দাখিল করেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০১.০১.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশা/ সিরাজগঞ্জ-১৩০/০১

তারিখ: ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আলহাজ্ব আহমদ আলি দাখিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৫. সভাপতি/পরিচালনা কমিটি, আলহাজ্ব আহমদ আলি দাখিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৬. জনাব জনাব মো: ছেফাত উল্লাহ (অভিযোগকারী), উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০১.০১.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Jasim Desktop\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জসীম.doc

# আলহাজ আহমদ আলী দাখিল মাদ্রাসা

ডাকঘর- দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
স্থাপিত : ১৯৮৫ খ্রি.
মাদ্রাসার কোড নং : ১৩৬৫৩, ইআইআইএন নং : ১২৮৬৫০
মোবাইল ঃ ০১৭৪০৬৪০৬০৩, ০১৩০৯১২৮৬৫০

---

তারিখ ঃ ০৪/১২/২০২৫ইং

স্মারক নং-

বরাবর,
রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

**বিষয় ঃ ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব অব্যাহতি দিয়ে মাদ্রাসার সুপার মোঃ ছেফাত উল্লাহ কে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি **মোঃ ছেফাত উল্লাহ**, সুপার, আলহাজ আহমদ আলী দাখিল মাদ্রাসা। গ্রাম : দবিরগঞ্জ পোঃ- দবিরগঞ্জ, উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ। উক্ত প্রতিষ্ঠানে আমি নিয়মিতভাবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করে আসছিলাম। গত ২০২৪ইং সালে ছাত্র অভ্যুত্থানের পর থেকে অত্র গ্রামের বাসিন্দা খ, ম তৌহিদুর রহমান আমাকে জোর করে চেয়ার থেকে উঠিয়ে দিয়ে মাদ্রাসা থেকে বের করে দেয়। পরবর্তীতে মাদ্রাসা গেলে তার লোকেরা আমাকে বার বার অপদস্ত করে মাদ্রাসা থেকে বের করে দেয়। কোন কারণে তাহারা আমাকে বের করে দিয়েছে তা আমার জানা নেই। এহেন অবস্থায় থানাতে ও সেনাবাহিনীর ক্যাম্পে অভিযোগ দিলে মাদ্রাসা যেতে আর কোন বাঁধা প্রদান করা হয়নি। কিন্তু কোন নিয়মনীতির তয়াক্কা না করে ইউএনও মহোদয়কে চাপ প্রয়োগ করে সহ-সুপার কে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে আমাকে না জানিয়ে এডহক কমিটি করে খন্দকার তৌহিদুর রহমান এডহক কমিটির সভাপতি পদে আসন গ্রহণ করেন। কিন্তু সভাপতি হয়েও আমার সাথে অনেক দুর ব্যবহার করে আসছেন। বর্তমানে নিয়মিত কমিটির কাজ চলমান রহিয়াছে। এহেন অবস্থায় নিয়মিত কমিটি গঠিত হইলে আমার চাকুরী জীবনে অনেক দুর্বীসহ অবস্থা আসিতে পারে বলে ধারণা করছি। এহেন অবস্থায় সুষ্ঠ পরিবেশ রক্ষার্থে উক্ত বিষয়াদি সুরাহার লক্ষ্যে আমি আপনার নিকট জোর আবেদন করছি।

অতএব, মহোদয়ের সমীপে বিনীত নিবেদন, সহ-সুপার মোঃ আবুল কালাম কে ভারপ্রাপ্ত সুপার থেকে অপসারণ করে আমাকে সুপার পদে দায়িত্ব প্রদান করে সুষ্ঠ ও সুন্দরভাবে মাদ্রাসা পরিচালনা সুযোগ প্রদান করার ব্যবস্থা করতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

তারিখ ঃ

০৪/১২/২৫

**মোঃ ছেফাত উল্লাহ**
সুপার
আলহাজ আহমদ আলী দাখিল মাদ্রাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৪০৬৪০৬০৩, ০১৩০৯১২৮৬৫০

মোঃ ছেফাত উল্লাহ
সুপারিনটেনডেন্ট
আলহাজ আহমদ আলী দাখিল মাদ্রাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

# আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা

ডাকঘরঃ দবিরগঞ্জ, উপজেলাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ।
স্থাপিত ঃ ১৯৮৫ খ্রিঃ
EIIN-১২৮৬৫, মাদরাসা কোড ঃ ১৩৬৫৩ Mobile No.01740-640603

স্মারক নং ঃ আ. আ. দা. মা: উল্লা/২০২৫/১১ তারিখঃ ২৭/০৩/২০২৫ইং

বরাবর,
মহাপরিচালক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তর
ঢাকা।

বিষয়ঃ চাকুরীর ক্ষেত্রে হেনস্তা করণ প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ছেফাত উল্লাহ, সুপার, আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। গত ৫ই আগষ্টের পর হইতে দবিরগঞ্জ গ্রামের স্বার্থম্বেশি কিছু লোক যাদেরকে প্রতিষ্ঠানের ভালো কাজের সাথে কোনদিন পাওয়া যায় নাই। অথচ তারা আমাকে ও মাদরাসা প্রতিষ্ঠতার ছেলে দাতা সদস্য আলহাজ আশরাফ আলী সাহেবকে অপদস্ত করে মাদরাসা থেকে বের করে দেয়। এহেন অবস্থায় সাংবাদিক এনে প্রত্রিকায় আমার নামে মিথ্যা অপবাদ প্রকাশ করে। এখনও আমি প্রতিষ্ঠানে যেতে পারছি না। এব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার (সভাপতি) মহোদয় আমাকে কৈফিয়ত তলবের নোটিশ করিলে যথারিতি যবাব দিয়েছি। কিন্ত উপজেলা নির্বাহী অফিসার (সভাপতি) মহোদয় কোন বিচার দিতে সক্ষম হননী। এখনও আমি নিরাপত্তা হীনতায় ভুক্ত ভোগী। এই কারণে গত ০৩-০৩-২০২৫ ইং তারিখে সলঙ্গা থানাতে একটি অভিযোগ পত্র দাখিল করেছি। ইহা ছাড়া আমার মাদরাসার শিক্ষক কর্মচারীদের অনিয়মিত চাকুরীর কারণে আমি শাসন করিতে গেলে তারা আমার উপর ক্ষিপ্ত হয়ে উঠেছে। প্রতিষ্ঠানে আমার যোগদানের পূর্বেই প্রতিষ্ঠতার ভাতিজা সহকারী শিক্ষক, মোঃ ওসমান গণি যাহার ইনডেক্স নং-৩৯৪৮৬২। যোগদান তারিখ- ১০/১২/১৯৯৬ বি,এ পাশ করার পূর্বেই উক্ত তারিখে যোগদান করে অবৈধ্য ভাবে সরকারি বেতন ভাতা ভোগ করিতেছে। এ সমস্ত কথা বলতে গেলে আমার উপর ক্ষিপ্ত হয়ে যায়। বিষয়টির ব্যাপারে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা একান্ত প্রয়োজন।

অতএব, হুজুর সমীপে আকুল আবেদন এই যে, উল্লেখিত বিষয়টি সার্বিক বিবেচনা করে আইনগত ব্যবস্থা দানে আপনার সদয় দৃষ্টি কামনা করছি।

২৭/০৩/২৫ইং

(মোঃ ছেফাত উল্লাহ)
সুপার
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৪০-৬৪০৬০৩

মোঃ ছেফাত উল্লাহ
সুপারিনটেনডেন্ট
আলহাজ্ব আহমদ আলী দাখিল মাদ্রাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

# আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা

ডাকঘরঃ দবিরগঞ্জ, উপজেলাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ।
স্থাপিত ঃ ১৯৮৫ খ্রিঃ
EIIN-১২৮৬৫, মাদরাসা কোড ঃ ১৩৬৫৩ Mobile No.01740-640603

স্মারক নং ঃ তারিখঃ ০৯/১২/২৪ ই

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

বিষয় ঃ কর্মস্থলে অনুপস্থিত থাকায় কারণ দর্শনোর জবাব প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ছেফাত উল্লাহ, সুপার, আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা,দবিরগঞ্জ, উল্লাপাড়া ,সিরাজগঞ্জ। আমি গত ৩০-১০-২০২৪ ইং তারিখে যথাযথ নিয়মে মাদরাসায় প্রবেশের পর গ্রামের কতিপয় দুষ্ট পোলাপান আমার অফিসে ঢুকে অকথ্য ভাষায় গালিগালাজ করে ও আমার হাত-পাঁ ভেঙ্গে ফেলার হুকমী দেয়। তাদের চাপের মূখে সকল শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সম্মুখে মাদ্রারাসা হইতে আমি প্রান নাশের ভয়ে বের হয়ে আসি। তখন সময় ১২:৩০ মিনিট। যাবার সময়ে বলে যায় যে, আপনাকে যেন আর মাদরাসার আশে পাশে না দেখি। দেখতে পেলে পরিনতি খুব খারাপ হবে। এহন অবস্থায় শিক্ষা অফিসার মহোদয়কে ,একাডেমিক শিক্ষা অফিসার কে ফোন করে বিষয়টি জানালে আমাকে বলেন যে, উপজেলা নির্বাহী স্যারকে অবগত করান। আমি আপনাকে মোবাইল ফোনের মাধ্যমে বিষয়টি অবগত করি। এহন অবস্থায় উল্লেখিত বিষয়টি সুষ্ঠ নিস্পত্তির লক্ষ্যে আমাকে আইনের সহয়তা প্রদান করে মাদ্রাসায় যাওয়ার সুযোগ প্রদানে আপনার সদয় মর্জি হয়।

অতএব, জনাবের নিকট আমার আকুল আবেদন এই যে, আমার বিরুদ্ধে আনিত অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। উক্ত বিষয়টি আপনার সদয় দৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক
৯/১২/২৪ ই
(মোঃ ছেফাত উল্লাহ)
সুপার
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৪০-৬৪০৬০৩।

৯/১২/২০২৪

# আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা

ডাকঘরঃ দবিরগঞ্জ, উপজেলাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ।

স্থাপিত ঃ ১৯৮৫ খ্রিঃ

**EIIN-১২৮৬৫, মাদরাসা কোড ঃ ১৩৬৫৩ Mobile No.01740-640603**

---

স্মারক নং ঃ তারিখঃ ১১-১২-২০২৪ইং

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

**বিষয় ঃ শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর করতে না দেওয়া প্রসঙ্গে।**

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ছেফাত উল্লাহ, সুপার, আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা, দবিরগঞ্জ, উল্লাপাড়া , সিরাজগঞ্জে। অদ্য ১১-১২-২০২৪ ইং তারিখে আমি যথা সময়ে মাদ্রাসয় উপস্থিত হইলে আমার মাদরাসার সহকারী সুপার মোঃ আবুল কালাম আজাদ শিক্ষক হাজিরা খাতা আলমিরাতে আটকিয়ে রাখে। হাজিরা খাতায় স্বাক্ষরের জন্য চাহিলে তিনি উক্তি করেন যে, সভাপতি মহোদয় হাজিরা খাতা আলমিরাতে আটকে রাখার জন্য আমাকে নির্দেশ প্রদান করেছেন এবং তাহার অনুমতি ছাড়া স্বাক্ষর করতে দেওয়া হবে না। এহন অবস্থায় কিছু নেতৃস্থানীয় গণ মান্য ব্যক্তি বর্গ সহকারী সুপার কে জিজ্ঞাসা করলে তিনি দ্যার্থহীন ভাষায় বলেন যে, আমি তাহাকে খাতা স্বাক্ষর করতে দিব না। উক্ত বিষয়টি আপনাকে সঠিক ভাবে বিবেচনায় নিয়ে সুষ্ঠ্য সমাধানের জন্য আপনার নিকট আবেদন জানাচ্ছি। উল্লেখ্য যে, ইতি পূর্বেও খাতা আটকে রেখে আমাকে স্বাক্ষর করতে না দিয়ে একই কথা বলেন।

অতএব, জনাবের নিকট আমার আকুল আবেদন উল্লেখিত বিষয়টির সঠিক ভাবে তদন্ত সাপেক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা দানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক
১১/১২/২৪ ইং
(মোঃ ছেফাত উল্লাহ)
সুপার
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৪০-৬৪০৬০৩।

মোঃ ছেফাত উল্লাহ
সুপারিনটেনডেন্ট
আলহাজ্ব আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

# আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা

ডাকঘরঃ দবিরগঞ্জ, উপজেলাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ।
স্থাপিত ঃ ১৯৮৫ খ্রিঃ
EIIN-১২৮৬৫, মাদরাসা কোড ঃ ১৩৬৫৩ Mobile No.01740-640603

স্মারক নং ঃ

তারিখঃ

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

**বিষয় ঃ জোরপূর্বক স্বাক্ষর গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ছেফাত উল্লাহ্, সুপার, আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা, দবিরগঞ্জ, উল্লাপাড়া , সিরাজগঞ্জে। আমার বিরুদ্ধে বিরাজমান পরিস্থিতিতে পূর্বে হইতে একটি চক্র গ্রামের খ.ম. তওহীদ সাহেব, আমিনুর সাহেব ও ফিরোজ সাহেবের লোকেরা হঠাৎ আমাকে ডেকে নিয়ে রাত্রিতে জোরপূর্বক ফাকা খাতায় স্বাক্ষর নিয়েছে। আমার নিকট মোটা অংকের টাকা দাবি করে এবং আগামি কাল ০৮/০১/২০২৫ ইং তারিখ মঙ্গল বারের মধ্যেই দিতে হবে। গ্রামের উশৃংখল ছেলেরা আমাকে বলে যে, শালা চেয়ারে বসে আছে কেন? মাটিতে বসতে দাও। ইহা ছাড়া আরো অনেক হুমকি ধামকি দিয়ে ভয় ভীতি দেখায় ও টাকা না দিলে উপজেলা নির্বাহী স্যারকে দিয়ে বেতন বন্ধ করে দিবে। আমার পক্ষে কোন লোক কথা বলে নাই। টাকা দাবীর পিছনে কোন ক্ষেত্রও দেখাতে পারে নাই। আমি প্রতিষ্ঠানের কোন টাকা আত্মসাৎ করি নাই। এহেনো অবস্থায় জোর করে স্বাক্ষর নিলো কেন? আমি বিচার চাই।

অতএব, জনাবের নিকট আমার আকুল আবেদন উল্লেখিত বিষয়টির সঠিক ভাবে তদন্ত সাপেক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা দানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক
০৮/০১/২৫
(মোঃ ছেফাত উল্লাহ)
সুপার
আলহাজ আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৪০-৬৪০৬০৩।

মোঃ ছেফাত উল্লাহ
সুপারিনটেনডেন্ট
আলহাজ্ব আহমদ আলী দাখিল মাদরাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
০৮/০১/২৫

বরাবর,

অফিসার ইনচার্জ
সলঙ্গা থানা, সিরাজগঞ্জ।

বিষয় ঃ অভিযোগ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ছেফাত উল্লাহ (৪৯), (জাতীয় পরিচয় পত্র নম্বরঃ ৩২৫৬৭০৫৩০৬, জন্ম তারিখ- ০১-০২-১৯৭৫), পিতা- মোঃ ইয়াছিন আলী, সাং- ভেংড়ী, ডাকঘর- শলী বাজার, ইউপি- ০১নং রামকৃষ্ণপুর, থানা- সলঙ্গা, জেলা- সিরাজগঞ্জ । এই মর্মে লিখিত অভিযোগ দায়ের করিতেছি যে, আমি পেশায় একজন শিক্ষক। এমতাবস্থায় বিবাদী ১। মোঃ নিজাম উদ্দিন (৩৮), পিতা-অজ্ঞাত, ২। মোঃ আবু সাঈদ (৪৫), পিতা-অজ্ঞাত, ৩। মোঃ জিল্লার রহমান (৪১), পিতা-অজ্ঞাত, সর্ব সাং-দবিরগঞ্জ, ইউপি- ০১নং রামকৃষ্ণপুর, থানা- সলঙ্গা, জেলা- সিরাজগঞ্জগন সহ অজ্ঞাত নামা ৪/৫ জন ব্যক্তি আমার পরিচিত। বিবাদীগন পরিচিত হওয়ার সুবাদে বিবাদীগন বিভিন্ন সময় ও তারিখে অহেতুক বিষয় নিয়ে অকথ্য ভাষায় গালিগালাজ করাসহ হুমকি ধামকি প্রদান করে আসছে। ঘটনার দিন গত ১০-০২-২০২৫ ঘটিকার সময় সকাল অনুমান ০৯.৪৫ ঘটিকার সময় আমি প্রতিদিনের ন্যায় নিজ বসত বাড়ী হইতে নিজ কর্মস্থলের উদ্দেশ্যে রওনা করিলে সলঙ্গা থানাধীন দবিরগঞ্জ বাজার এ পৌছা মাত্রই উপরোক্ত সকল বিবাদীগন পূর্ব শত্রুতার জের ধরে আমার সামনে আসিয়া আমাকে দেখে অকথ্য ভাষায় ও অশ্লীল ভাষায় গালিগালাজ করতে থাকে। তখন আমি বিবাদীগনকে গালিগালাজ করতে নিষেধ করায় সকল বিবাদীগন আমার সাথে মারমুখি আচরন করাসহ প্রকাশ্যে লোকজনের সামনে খুন জখমের ভয়ভীতি দেখানো সহ প্রাণ নাশের হুমকি প্রদান করে। বিবাদীগন এও বলে যে, যেকোন বিনিময়ে আমার চাকুরী সহ বড় ধরনের ক্ষতি সাধন করবে মর্মে হুমকি প্রদান করে। বিবাদীগনের ভয়েতে এলাকার লোকজন কথা বলার সাহস পায় না। বিবাদীগন দুদার্ন্ত দাঙ্গাবাজ লাঠিয়াল ব্যক্তি বটে। বিবাদীগন অত্যন্ত খারাপ প্রকৃতির লোক বটে। এই বিষয় সাক্ষীঃ ১। মোঃ নজরুল ইসলাম, পিতা- মৃত গলজার হোসেন, ২। মোঃ মজিবর রহমান, পিতা- মৃত গনজের আলী, ৩। আলহাজ্ব মোঃ আশরাফ আলী, পিতা-মৃত আলহাজ্ব আহমেদ আলী, সর্ব সাং-দবিরগঞ্জ , ইউপি- ০১নং রামকৃষ্ণপুর, থানা- সলঙ্গা, জেলা- সিরাজগঞ্জ গন সহ আরো অনেকে জানে। বিবাদীর ভয়েতে আমি সহ আমার পরিবারের লোকজন নিরুপায় হয়ে স্থানীয় গন্যমান্য ব্যক্তিদেরকে অবহিত করিলে তাহারা আমাকে আইনের আশ্রয় নিতে বলে। বিধায় পরিবার ও আত্মীয় স্বজনের সহিত পরামর্শ করিয়া আপনার বরবার একখানা অভিযোগ দায়ের করিতে সামান্য বিলম্ব হইল।

অতএব, উপরোক্ত বিষয়টি তদন্ত পুর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত
৬/৩/২৫ ইং
মোঃ ছেফাত উল্লাহ
মোবাঃ ০১৭৪০-৬৪০৬০৩।

মোঃ ছেফাত উল্লাহ
সুপারিনটেনডেন্ট
আলহাজ্ব আহমদ আলী দাখিল মাদ্রাসা
দবিরগঞ্জ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card



01 Feb 1975

নাম
মোঃ ছেফাত উল্লাহ
Name
MD. SEFAT ULLAH
পিতা
মোঃ ইয়াছিন আলী
মাতা
মোছাঃ হোমেদান খাতুন
Date of Birth 01 Feb 1975
NID No. 325 670 5306

ঠিকানা: গ্রাম/রাস্তা: ভেংড়ী, ডাকঘর: শলী বাজার - ৬৭২১, উল্লা পাড়া, সিরাজগঞ্জ

Blood Group: Place of Birth: SIRAJGANJ Issue Date: 12 Sep 2023

I<BGD325670530<61<<<<<<<<<<<<<<
7502019M3809112BGD<<<<<<<<<<<4
ULLAH<<MD<SEFAT<<<<<<<<<<<<<<<